


# যুগান্তর

বছরের প্রথম দিনেই স্কুলে স্কুলে উৎসব

## নতুন বইয়ের সুবাসে মাতোয়ারা শিক্ষার্থীরা

প্রকাশ : ০২ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

নতুন বছরের প্রথম দিনেই দেশজুড়ে বই উৎসব হয়েছে। মঙ্গলবার বিভিন্ন জেলা ও উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে নতুন পাঠ্যবই বিতরণ করা হয়। নতুন বই হাতে পেয়ে বইয়ের

সুবাসে উদ্বেলিত খুদে শিক্ষার্থীরা। বই হাতে পেয়েই বুকে জড়িয়ে বাড়ির পথ ধরেছে তারা। এ চিত্র দেশজুড়ে। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর-

**খুলনা ব্যুরো :** পাঠ্যপুস্তক উৎসবের উদ্বোধন করেন খুলনা সিটি কর্পোরেশনের (কেসিসি) মেয়র তালুকদার আবদুল খালেক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, জেলা পরিষদের চেয়ারম্যান শেখ হারুনুর রশীদ, পুলিশ সুপার এসএম শফিউল্লাহ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর খুলনা অঞ্চলের আঞ্চলিক পরিচালক প্রফেসর হারুনুর রশীদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমান প্রমুখ।

**সিলেট ব্যুরো :** সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে জেলা প্রশাসক এম. কাজী এমদাতুল ইসলামের সভাপতিত্বে বই উৎসব অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন মহানগরের সভাপতি সাবেক মেয়র বদর উদ্দিন আহমদ কামরান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা সিলেট অঞ্চলের উপ-পরিচালক জাহাঙ্গীর কবীর আহম্মদ, প্রাথমিক শিক্ষা সিলেট বিভাগীয় উপপরিচালক একেএম সাফায়েত আলম, সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জগদীশ চন্দ্র দেবনাথ, মেট্রোপলিটন ইউনিভার্সিটির সহকারী প্রক্টর অ্যাডভোকেট আব্বাস উদ্দিন।

**বরিশাল ব্যুরো :** নতুন বছরের প্রথম দিনে সারা দেশের সঙ্গে আনুষ্ঠানিকভাবে গোটা বরিশাল বিভাগে শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হয়েছে নতুন বই। আনুষ্ঠানিকভাবে বরিশালের প্রতিটি বিদ্যালয়ে মঙ্গলবার সকাল ৯টা থেকে বিনামূল্যের বই বিতরণ করা হয়েছে। জনপ্রতিনিধি, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, শিক্ষা কর্মকর্তাসহ প্রশাসনের কর্তা ব্যক্তিরা ওইসব অনুষ্ঠানে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়েছেন।

**যশোর ব্যুরো :** যশোর জিলা স্কুলে বই উৎসব উদ্বোধন করেন জেলা প্রশাসক আবদুল আওয়াল। প্রধান শিক্ষক একেএম গোলাম আযমের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) দেবপ্রসাদ পাল, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এসএম আবদুল খালেক প্রমুখ।

**নড়াইল :** নড়াইল শহর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক আনজুমান আরা। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. শাহ আলমের সভাপতিত্বে বই উৎসবে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মো. আজিজুর রহমান ভূঁইয়া উপস্থিত ছিলেন।

**শেরপুর :** শেরপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক আনার কলি মাহবুব। এ সময় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এ জেড মোরশেদ আলী, ইউএনও মোহাম্মদ ফিরোজ আল মামুন উপস্থিত ছিলেন।

**পটুয়াখালী (দক্ষিণ) :** পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয় ও সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করেন জেলা প্রশাসক মতিউল ইসলাম চৌধুরী।

**টাঙ্গাইল :** বিবেকানন্দ হাই স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে বই উৎসবের উদ্বোধন করেন জেলা পরিষদ চেয়ারম্যান ফজলুর রহমান খান। জেলা প্রশাসক মো. শহীদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য ছানোয়ার হোসেন।

বরগুনা : সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পারভীন বেগমের সভাপতিত্বে বই বিতরণের উৎসবে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মাহবুব আলম।

সাতক্ষীরা : সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের বই উৎসবে যোগ দেন সংসদ সদস্য মীর মোস্তাক আহমেদ রবি ও জেলা প্রশাসক এসএম মোস্তফা কামাল।

পিরোজপুর : করিমুন্নেসা সরকারি প্রাথমিক মডেল বিদ্যালয় প্রাঙ্গণে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক আবু আলী মো. সাজ্জাদ হোসেন।

শরীয়তপুর : পালং তুলাসার বালক উচ্চ বিদ্যালয় মাঠে বই তুলে দেন জেলা প্রশাসক কাজী আবু তাহের।

হবিগঞ্জ : হবিগঞ্জ সরকারি উচ্চবিদ্যালয় ও বিকেজিসি সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন সংসদ সদস্য মো. আবু জাহির। অনুষ্ঠানে জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনীল মজুমদার, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিয়া উদ্দিন প্রমুখ।

জামালপুর : বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন জামালপুর-৫ (সদর) আসনের নবনির্বাচিত সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মো. মোজাফফর হোসেন সিআইপি। এ সময় দিগপাইত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মহসীনুজ্জামান, সম্পাদক গোলাম রব্বানী, রশিদপুর ইউপি চেয়ারম্যান আবদুল্লাহ আল মামুন ঠাণ্ডা প্রমুখ উপস্থিত ছিলেন।

ভোলা : ভোলায় বই বিতরণের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক। উৎসবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোহাম্মদ মাসুদ আলম, জেলা শিক্ষা কর্মকর্তা জাকিরুল হক, প্রধান শিক্ষক আজাহারুল হক আজাদ প্রমুখ।

বাগেরহাট : বাগেরহাট সরকারি উচ্চবিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক তপন কুমার বিশ্বাস। এ সময় পুলিশ সুপার পঙ্কজ চন্দ্র রায়, শিক্ষাবিদ অধ্যাপক মোজাফফর হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সাইফুল ইসলাম, জেলা শিক্ষা কর্মকর্তা মো. কামরুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

ব্রাহ্মণবাড়িয়া : ব্রাহ্মণবাড়িয়ায় নিয়াজ মুহাম্মদ উচ্চবিদ্যালয় মাঠে বই বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক হায়াত-উদ-দৌলা খান। জেলা শিক্ষা কর্মকর্তা গৌতম চন্দ্র মিত্রের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র নায়ার কবীর, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুব্রত কুমার বণিক প্রমুখ।

মেহেরপুর : মেহেরপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য অধ্যাপক ফরহাদ হোসেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুদা আখতারের সভাপতিত্বে অতিথি ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তারা শাহীন আখতার, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিনয় কুমার চাকি প্রমুখ।

দেওয়ানগঞ্জ : দেওয়ানগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে বই বিতরণ অনুষ্ঠানে ইউএনও গোলাম মোস্তফার সভাপতিত্বে উপস্থিত ছিলেন, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আফতাব উদ্দিন।

মির্জাপুর (টাঙ্গাইল) : সরকারি এসকে পাইলট উচ্চ বিদ্যালয়, পুষ্টিকামুরী আদর্শ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ উৎসবে প্রধান অতিথি ছিলেন মো. একাব্বর হোসেন এমপি। উপস্থিত ছিলেন ইউএনও মো. আবদুল মালেক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. হারুন অর রশিদ প্রমুখ।

বাবুগঞ্জ (বরিশাল) : বই বিতরণ করেন উপজেলা চেয়ারম্যান সরদার খালেদ হোসেন স্বপন। উপস্থিত ছিলেন ইউএনও সুজিত হাওলাদার, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিখীকা সরকার।

বামনা : পূর্ব সফিপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি সারওয়ারজান পাইলট মডেল উচ্চ বিদ্যালয় এবং আসমাতুল্লাহ পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দেন উপজেলা চেয়ারম্যান মো. সাইতুল ইসলাম লিটু মৃধা ইউএনও শিউলী হরি।

জামালগঞ্জ (সুনামগঞ্জ) : বই উৎসবের উদ্বোধন করেন ইউএনও মো. শামীম আল ইমরান। এ সময় উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মাহবুবুর রহমান, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মীর আবদুল্লাহ আল মামুন রহমান প্রমুখ।

হালুয়াঘাট (ময়মনসিংহ) : হালুয়াঘাট আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, সেন্টএন্ড্রুজ উচ্চ বিদ্যালয়, বেশ কয়েকটি বিদ্যালয়ে বই বিতরণ করেন জুয়েল আরেং এমপি।

গফরগাঁও (ময়মনসিংহ) : ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় মিলনায়তনে বই বিতরণ উদ্বোধন করেন, উপজেলা চেয়ারম্যান আশরাফ উদ্দিন বাদল, ইউএনও কাজী মাহবুব উর রহমান।

গলাচিপা : সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয় ও বালিকা মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তনে উপজেলা চেয়ারম্যান সামসুজ্জামান লিকন বই বিতরণ করেন।

কলমাকান্দা (নেত্রকোনা) : কলমাকান্দা সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে বই বিতরণ করা হয়েছে। ইলিয়াস হোসেন কোকিলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্থানীয় এমপি ছবি বিশ্বাস।

কোটালীপাড়া (গোপালগঞ্জ) : সরকারি কোটালীপাড়া ইউনিয়ন ইন্সটিটিউশনের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন উপজেলা চেয়ারম্যান মুজিবুর রহমান হাওলাদার।

নান্দাইল (ময়মনসিংহ) : বই বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন সংসদ সদস্য মো. আনোয়ারুল আবেদীন খান তুহিন।

আশুগঞ্জ : রওশন আরা জলিল উচ্চ বালিকা বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন ইউএনও কর্মকর্তা মোসুমী বাইন হীরা।

স্বরূপকাঠি (পিরোজপুর) : সরকারি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়ে বই বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন ইউএনও সরকার আবদুল্লাহ আল মামুন বাবু।

ভাঙ্গরিয়া : বন্দর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ভাঙ্গরিয়া বিহারী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে বই বিতরণে উপস্থিত ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান মনিরুল হক মনি, উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জ্বল প্রমুখ।

গোয়ালন্দ (রাজবাড়ী) : দৌলতদিয়া মডেল হাইস্কুলে বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন ইউএনও রুবায়েত হায়াত শিপলু।

বেতাগী (বরগুনা) : ইউএনও মো. রাজিব আহসানের সভাপতিত্বে বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. শাহজাহান কবির। বিশেষ অতিথি ছিলেন, পৌর মেয়র এবিএম গোলাম কবির, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. শাহাদাৎ হোসেন মোল্লা, প্রাথমিক সহকারী শিক্ষা কর্মকর্তা মো. মিজানুর রহমান প্রমুখ।

ধর্মপাশা (সুনামগঞ্জ) : বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন ইউএনও মোহাম্মদ ওবায়দুর রহমান।

দুমকি (পটুয়াখালী) : অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দুমকি ইউএনও রায়হান আহমেদ, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. সাইফুল আলম, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মনিলাল শিকদার প্রমুখ।

গোলাপগঞ্জ (সিলেট) : উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবদুল হামিদ ভূঁইয়া জানান, উপজেলার ১৮২টি স্কুলের শিক্ষার্থীদের হাতে মঙ্গলবার নতুন বই তুলে দেয়া হয়েছে।

টেকেরহাট (মাদারীপুর) : সরকারি রাজের গোপালগঞ্জ কেজেএস পাইলট মডেল ইন্সটিটিউশনে বই বিতরণ উৎসবে উপস্থিত ছিলেন ইউএনও সোহানা নাসরিন, উপজেলা চেয়ারম্যান শাজাহান খান, পৌর মেয়র শামিম নেওয়াজ মুন্সী, মহিলা ভাইস চেয়ারম্যান লিতা কুদ্দুস প্রমুখ।

ত্রিশাল (ময়মনসিংহ) : বই উৎসব অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কমিশনার মাহমুদ হাসান। ময়মনসিংহ বিভাগের বিভাগীয় উপ-পরিচালক প্রাথমিক শিক্ষা আনোয়ার হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন ইউএনও মোহাম্মদ আবদুল্লাহ আল জাকির, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোফাজ্জল হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নূর মোহাম্মদ প্রমুখ।

গোপালপুর (টাঙ্গাইল) : অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন টাঙ্গাইল-২ (গোপালপুর ও ভূঞাপুর) আসনের নবনির্বাচিত এমপি ছোট মনির। বক্তব্য রাখেন ইউএনও বিকাশ বিশ্বাস, শিক্ষা কর্মকর্তা রফিকুল ইসলাম রুমি, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোস্তফা কবির প্রমুখ।

কলারোয়া (সাতক্ষীরা) : নবনির্বাচিত সংসদ সদস্য মুস্তফা লুৎফুল্লাহ ও উপজেলা চেয়ারম্যান ফিরোজ আহম্মদ স্বপন কলারোয়া সরকারি জিকে এমকে মাধ্যমিক বিদ্যালয় মাঠে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে পাঠ্যপুস্তক উৎসবের শুভসূচনা করেন। এ সময় উপস্থিত ছিলেন ইউএনও আরএম সেলিম শাহওনেয়াজ।

কেন্দুয়া (নেত্রকোনা) : কেন্দুয়া জয়হরি স্পাই সরকারি উচ্চ বিদ্যালয়ের বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন, ইউএনও আল-ইমরান রুহুল ইসলাম। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোতাহার হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন, উপজেলা ভাইস চেয়ারম্যান মোফাজ্জল হোসেন ভূঁইয়া, মহিলা ভাইস চেয়ারম্যান জাহানারা রোজী প্রমুখ।

নিয়ামতপুর (নওগাঁ) : উপলক্ষে নিয়ামতপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও হাইস্কুলে বই বিতরণের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান এনামুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএনও আবু সালেহ মো. মাহফুজুল আলম। এ সময় অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ লিয়াকত আলী ও মনোয়ারা খাতুন।

গৌরীপুর (ময়মনসিংহ) : গৌরীপুরে পৌর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন ইউএনও ফারহানা করিম। উপজেলা আওয়ামী লীগের সম্পাদক বিধু ভূষণ দাসের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা ভাইস চেয়ারম্যান মো. সানাউল হক, প্রধান শিক্ষক মাজহারুল আনোয়ার ফেরদৌস প্রমুখ।

বোরহানউদ্দিন (ভোলা) : উৎসবে বোরহানউদ্দিনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আলী আজম মুকুল এমপি শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে উৎসবের উদ্বোধন করেন। ইউএনও মো. আ. কুদ্দুসের সভাপতিত্বে আলী আজম মুকুল এমপি, পৌর মেয়র মো. রফিকুল ইসলাম বক্তব্য রাখেন।

নাগরপুর (টাঙ্গাইল) : নাগরপুরে ইউএনও সৈয়দ ফয়েজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে বই উৎসব উদ্বোধন করেন। বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মনিরুজ্জামান, প্রধান শিক্ষক মো. শফিকুল ইসলাম সবুজ প্রমুখ।

মঠবাড়িয়া (পিরোজপুর) : বই বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইউএনও জিএম সরফরাজ, আওয়ামী লীগ সম্পাদক আজিজুলহক সেলিম মাতুব্বর, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. শাহজাহান শেখ প্রমুখ।

কাউখালী (পিরোজপুর) : অনুষ্ঠানে অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান এসএম আহসান কবির, ইউএনও ইসরাত জাহান, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি শাহ মো. কাইউম প্রমুখ।

মধুপুর (টাঙ্গাইল) : মধুপুরে বই উৎসবের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান হরোয়ার আলম খান আবু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএনও ও রমেন্দ্র নাথ বিশ্বাস। এ সময় উপজেলা ভাইস চেয়ারম্যান হেলাল উদ্দিন, নারী ভাইস চেয়ারম্যান নাজমা সরকার, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এমএ রশিদ প্রমুখ উপস্থিত ছিলেন।

শ্রীমঙ্গল (মৌলভীবাজার) : শ্রীমঙ্গলে ভিক্টোরিয়া উচ্চবিদ্যালয় প্রাঙ্গণে বই উৎসবে ইউএনও নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন নবনির্বাচিত সংসদ সদস্য উপাধ্যক্ষ ড. মো. আবদুস শহীদ এমপি। এ সময় বক্তব্য রাখেন শ্রীমঙ্গল উপজেলা চেয়ারম্যান রণধীর কুমার দেব, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দিলীপ কুমার বর্ধন, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম তালুকদার প্রমুখ।

ভৈরব : এ সময় অন্যদের মাঝে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আনিসুজ্জামান, উপজেলা আওয়ামী লীগ সহ-সভাপতি মো. সিরাজ উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।